**নিউ ইয়র্ক (NEW YORK ) সিটি অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (NYC OMB) কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট (Community Development Block Grant) (CDBG) উচ্ছেদ কর্মসূচি**

**ফান্ড রিলিজের অনুরোধ করার জন্য অভিপ্রায় প্রকাশ নোটিশ NOTICE OF INTENT TO REQUEST RELEASE OF FUNDS) (NOI PROF), চূড়ান্ত বিজ্ঞপ্তি এবং ব্রঙ্কস (BRONX) কাউন্টিতে একটি ফেডারেল ফ্লাড রিস্ক ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড (FEDERAL FLOOD RISK MANAGEMENT STANDARD) (FFRMS) বন্যা প্রবণ এলাকায় একটিত প্রস্তাবিত কার্য পদক্ষেপের প্রকাশ্য ব্যাখ্যা, কোনো উল্লেখযোগ্য প্রভাব খুঁজে না পাওয়ার নোটিশ (NOTICE OF FINDING OF NO SIGNIFICANT IMPACT) (FONSI)**

এই নোটিশটি নিউ ইয়র্ক সিটি (New York City) (NYC) কর্তৃক পরিচালিত কার্যক্রমের জন্য তিনটি পৃথক কিন্তু সম্পর্কিত পদ্ধতিগত প্রয়োজনীয়তা পূরণ করবে। উচ্ছেদ কর্মসূচিটি একটি সম্মিলিত কর্মসূচি যা সম্পূর্ণ নিউ ইয়র্ক সিটির ক্ষেত্রে প্রযোজ্য হলেও, ফেডারেল নির্দেশিকার প্রতিক্রিয়াস্বরূপ, পাঁচটি শহরের (borough) প্রতিটির জন্য একটি পৃথক পাবলিক নোটিশ প্রস্তুত করা হয়েছিল।

## <u>ফান্ড রিলিজের জন্য অনুরোধ</u>

28 সেপ্টেম্বর, 2026 তারিখে বা আনুমানিক সেই সময়ে, সিটি অফ নিউ ইয়র্ক (সিটি) পাঁচ বছরের এক সময়কালের জন্য, সমগ্র সিটি জুড়ে সিটির উচ্ছেদ প্রোগ্রাম সম্পাদন করতে, 1992 সালের হাউজিং অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট অ্যাক্ট (Housing and Community Development Act of 1992) এর অধীনে অনুমোদিত $50,000,000 কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট (CDBG) এর জন্য ইউ.এস. ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (U.S. Department of Housing and Urban Development) (HUD) এর কাছে একটি অনুরোধ জমা দেওয়ার প্রত্যাশা করছে।

উচ্ছেদ কার্যক্রম -এর কর্মকাণ্ড নিউ ইয়র্ক সিটির (NYC) ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (HPD) দ্বারা পরিচালিত হবে। HPD-এর দায়িত্ব হলো পাঁচটি শহর জুড়ে এমন কাঠামো ভেঙে ফেলা বা স্থিতিশীল করা, যা বর্তমানে বা ভবিষ্যতে কাঠামোগতভাবে বা অগ্নি-ঝুঁকি হিসেবে বিপজ্জনক বা অনিরাপদ হতে পারে, অথবা যখন সম্পত্তির মালিক প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ব্যর্থ হন তখন মানবজীবন ও জনস্বাস্থ্যের জন্য বিপজ্জনক বা ক্ষতিকর হতে পারে। HPD জরুরি এবং কম-জরুরি উভয় প্রকারের উচ্ছেদের কাজ সম্পাদন করে, যার মধ্যে রয়েছে সম্পূর্ণ ও আংশিক ভাঙা এবং সংশ্লিষ্ট অন্যান্য কাজ (যেমন, অ্যাসবেস্টস পরীক্ষা ও বায়ু পর্যবেক্ষণ; কর্মক্ষেত্র সুরক্ষিত করা; জমি পরিষ্কার করা, পরিচ্ছন্ন করা, ভরাট করা এবং সমতল করা)। CDBG ফান্ড শুধুমাত্র জরাজীর্ণ সম্পত্তি উচ্ছেদের উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং স্থানগুলোর পুনঃউন্নয়নের জন্য ব্যবহার করা হবে না। উচ্ছেদ কর্মসূচিটি বহু বছর ধরে চলে আসছে। তবে, CD ফান্ডের ব্যবহার প্রতি পাঁচ বছরে 1969 সালের ন্যাশনাল এনভায়রনমেন্ট পলিসি অ্যাক্ট (National Environmental Policy Act of 1969) (NEPA) এর পর্যালোচনার মধ্য দিয়ে পরিচালিত হতে হবে।

CDBG ফান্ড বার্ষিক ভিত্তিতে সিটিকে বরাদ্দ করা হয় এবং কার্যক্রমের প্রকৃতির কারণে, ঠিক কোন কোন স্থানে এর বাস্তবায়ন ঘটবে তা অজানা থাকে। অনুমান করা হয় যে, প্রতি বছর CDBG ফান্ড থেকে প্রায় $10,000,000 উচ্ছেদ কর্মসূচিতে বরাদ্দ করা হবে এবং সমগ্র শহর জুড়ে এই কর্মসূচির

আওতায় বার্ষিকভাবে প্রায় 97 টি স্থানকে পরিষেবা দেওয়া হবে। যেহেতু ভবিষ্যতের স্থানগুলি অজানা, সেই কারণে এগুলির মধ্যে কতগুলি ব্রঙ্কস (Bronx) কাউন্টিতে সংঘটিত হবে তার নিশ্চয়তা নেই।

## **ফেডারেল ফ্লাড রিস্ক ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড (FFRMS) বন্যাপ্রবণ এলাকায় একটি প্রস্তাবিত কার্যক্রমের অন্তিম নোটিশ এবং প্রকাশ্য ব্যাখ্যা**

এই নোটিশ জারি করা হচ্ছে যে নিউ ইয়র্ক সিটি অফিস অফ ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট (New York City Office of Management and Budget) (NYC OMB) এক্সিকিউটিভ অর্ডার 11988 অনুযায়ী এবং বন্যা প্রবণ এলাকাগুলি পরিচালনা বিষয়ক নির্ধারণমূলক সিদ্ধান্ত গ্রহণের জন্য সাবপার্ট C প্রণালীতে (Subpart C Procedures) 24 CFR 55.20-এ HUD রেগুলেশন অনুসারে একটি মূল্যায়ন পরিচালনা করেছে। প্রস্তাবিত প্রজেক্টটি সমগ্র শহর জুড়ে বিক্ষিপ্ত স্থানগুলিতে সংঘটিত হবে, যেহেতু ভবিষ্যতের স্থানগুলি অজানা, সেই কারণে এই স্থানগুলির মধ্যে কয়েকটি ফেডারেল ফ্লাড রিস্ক ম্যানেজমেন্ট স্ট্যান্ডার্ড (FFRMS) এর বন্যা প্রবণ এলাকাগুলির মধ্যে পড়ার সম্ভাবনা রয়েছে। ক্লাইমেট-ইনফর্মড-সায়েন্স-অ্যাপ্রোচ (CISA) সংক্রান্ত ডেটার অভাবে, FFRMS বন্যাপ্রবণ এলাকা নির্ধারণের জন্য 0.2-শতাংশ-বার্ষিক-সম্ভাবনা (500-বছর) বন্যা পদ্ধতি ব্যবহার করা হচ্ছে, যা ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (FEMA) এর সর্বশেষ ‘ফ্লাড ইন্স্যুরেন্স রেট ম্যাপ’ (FIRM) বা প্রাথমিক FIRM-এ চিহ্নিত ‘0.2-শতাংশ-বার্ষিক-সম্ভাবনা’র বন্যাপ্রবণ এলাকা অনুযায়ী উচ্চতা ও বন্যার ঝুঁকিযুক্ত সেই এলাকাকে বিবেচনা করে, যেটিকে অধিকতর কঠোরভাবে নির্দেশিত করা হয়। ব্রঙ্কস (Bronx) কাউন্টির FFRMS-এর অন্তর্ভুক্ত বন্যাপ্রবণ এলাকার একর হিসাবে মোট আনুমানিক পরিমাণ নিম্নরূপ:

| | **100-বছরের বন্যাপ্রবণ এলাকা (অঞ্চল A, AE, VE)** | **500-বছরের বন্যাপ্রবণ এলাকা (ছায়াযুক্ত X বা 0.2-শতাংশ-বার্ষিক-সম্ভাবনা)** |
|---|---|---|
| **কার্যকরী FIRM (2007)** | 534 | 181 |
| **প্রাথমিক FIRM (2015)** | 629 | 73 |

প্রস্তাবিত কার্যক্রম FFRMS বন্যা প্রবণ এলাকার মধ্যে পড়লেও, কার্যক্রম বন্যা প্রবণ এলাকাগুলিকে অথবা সেগুলির দ্বারা প্রভাবিত হবে না বলে আশা করা হয়। তবে, NYC OMB সম্ভাব্য বিরূপ প্রভাব ন্যূনতম করতে এবং বিদ্যমান বন্যা প্রবণ এলাকাগুলির প্রাকৃতিক ও সুবিধাজনক কার্য ও সহজাত মূল্য পুনরুদ্ধার ও সংরক্ষণ করতে নিম্নলিখিত বিকল্পগুলি বিবেচনা করেছে:

**প্রস্তাবিত পদক্ষেপ:** এই পদক্ষেপ সম্পত্তির মালিক কোনো প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ব্যর্থ হলে সিটির কাছে মানব জীবন এবং / অথবা জনসাধারণের স্বাস্থ্যের প্রতি অনিরাপদ হয়ে ওঠা কাঠামোগুলি ভেঙে ফেলার অনুমতি দেয়। যেহেতু এই মুহূর্তে নির্দিষ্ট স্থানগুলি অজানা আছে, সেই কারণে এই পদক্ষেপ এই কার্যক্রমের FFRMS বন্যা প্রবণ এলাকার মধ্যে সংঘটিত হওয়ার সম্ভাবনার অনুমোদন করে। এই পদক্ষেপটি অস্থিতিশীল অথবা বিপজ্জনক হয়ে ওঠা কাঠামোগুলির থেকে উদ্‌ভূত হতে পারা জনসাধারণের নিরাপত্তা জনিত বিপদগুলি প্রতিরোধ করতে কর্মসূচির বিবৃত লক্ষ্যটি পূরণ করবে, ও পাশাপাশি প্রাকৃতিক, সামাজিক, এবং অর্থনৈতিক মূল্যের প্রতিও সর্বাধিক সুবিধা প্রদান করবে। এইভাবে, এই পদক্ষেপ নির্বাচন করা হয়েছে।

**বিকল্প 1**: কর্মসূচিকে FFRMS বন্যা প্রবণ এলাকাগুলির বাইরে পড়া কার্যক্রমে সীমিত রাখা। এই বিকল্পটি বিবেচনা করা হয়েছিল এবং তা প্রত্যাখ্যাত হয়েছে। যে স্থানগুলি বন্যা প্রবণ এলাকায় অবস্থিত হওয়ার কারণে যোগ্যতাসম্পন্ন নয়, সেগুলি তবুও প্রস্তাবিত প্রজেক্টের দ্বারা প্রদত্ত পদক্ষেপগুলির জন্য একটি জরুরি চাহিদা থাকবে। এইভাবে, বিপজ্জনক কাঠামের কারণে জীবন ও সম্পত্তিতে হওয়া প্রভাব এড়িয়ে যাওয়ার জন্য, কর্মসূচির কার্যক্রমের অর্থায়নের অন্যান্য উৎসগুলি ব্যবহার করে সিটির দ্বারা সম্পাদিত হতে হবে। এইভাবে, এই বিকল্পটি প্রাকৃতিক অথবা সামাজিক মূল্যের প্রভাবের ক্ষেত্রে প্রস্তাবিত পদক্ষেপের থেকে ভিন্ন হবে না, কিন্তু অর্থনৈতিক মূল্যের ক্ষেত্রে একটি কম অনুমানযোগ্য বিকল্প হবে। এই প্রজেক্টের বাস্তবায়ন অকার্যকর হবে, এবং অতিরিক্ত সময় ও খরচের প্রয়োজন হবে যা প্রাকৃতিক অথবা বন্যা প্রবণ এলাকাগুলি মূল্যবোধের দিক দিয়ে কোনো বাস্তব সম্মত সুবিধা প্রদান করবে না।

**বিকল্প 2**: কোনো পদক্ষেপ না নেওয়ার বিকল্প। এই বিকল্পের অর্থ হল সিটি কোনো কাঠামো মানব জীবন ও জন স্বাস্থ্যের ক্ষেত্রে বিপজ্জনক অথবা ক্ষতিকারক হয়ে উঠলে সিটি কোনো পদক্ষেপ নেবে না। এই কাঠামোগুলি মালিকেরা এই বিপদগুলি নিয়ে পদক্ষেপ নিতে না পারলে অথবা অনিচ্ছুক হলে, জনসাধারণের নিরাপত্তামূলক অবস্থাগুলি দেখা দিতে পারে যা কর্মসূচির লক্ষ্যের পরিপন্থী। জরাজীর্ণ কাঠামোগুলিকে অক্ষত রেখে দেওয়ার অনুমতি প্রদানের দ্বারা তৈরি হওয়া তৎক্ষণাৎ ঝুঁকির সাথে, এই বিকল্পটি পরিত্যক্ত অথবা খালি বিল্ডিংগুলির কারণে কমিউনিটিগুলির প্রতি জরাজীর্ণ পরিস্থিতিগুলি অধিকতর করার ঝুঁকিও বৃদ্ধি করবে। বন্যা প্রবণ এলাকার মধ্যে কাঠামোগুলির অবনতি হতে দেওয়া বন্যা প্রবণ এলাকাগুলির ক্ষেত্রে ক্ষতিকারকও হতে পারে, যেহেতু দূষিত নির্মাণ সামগ্রী জলাশয়ে শোষিত হতে পারে, অথবা এগুলিতে প্রবাহিত হওয়ার সম্ভাবনা আছে। অতএব, কোনো পদক্ষেপ না নেওয়ার বিকল্পটি কোনো বাস্তবসম্মত প্রজেক্ট বিকল্প হিসেবে বিবেচ্য নয়।

প্রস্তাবিত প্রজেক্টের সাথে সম্পর্কিত কোনো বিরূপ প্রভাব না থাকা নিশ্চিত করতে নিষ্পত্তিমূলক পদক্ষেপগুলি নেওয়া প্রয়োজন। দূষণ না হওয়া নিশ্চিত করতে, সমস্ত কার্যক্রম ফেডারেল, স্টেট, এবং সিটির নিয়ম অনুযায়ী সম্পন্ন করা হবে। লেড ও অ্যাসবেসটসের বিষয়টি ভেঙে ফেলার কাজ শুরু হওয়ার আগে নিষ্পত্তি করা হবে। যদি পাওয়া যায়, ভূগর্ভস্থ সংরক্ষণাগারগুলিও যথাযথভাবে পরিচালনা করা হবে। বিল্ডিংয়ের ভিত সরিয়ে দিয়ে পুনরায় ভরাট (backfill) করার ক্ষেত্রে, নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেটিভ কোডের (New York City Administrative Code) সেকশন 16-130 অনুযায়ী, সিটিকে 100% পরিষ্কার মাটি বা ভরাট করার সামগ্রী ব্যবহার করতে হবে। ঠিকাদারদের সমস্ত ধংসাবশেষ উপযুক্ত গ্রহণ কেন্দ্রে ফেলতে হবে এবং সেখানে নিয়ে যেতে হবে। সেইসাথে, ম্যানিফেস্ট HPD এর কাছে জমা দিতে হবে। ভেঙে ফেলার সময়, ঠিকাদারদের অস্থায়ী শৌচ সুবিধা পরিচালনা এবং বজায় রাখতে হবে। ধূলোবালি উড়ে যাওয়া নিয়ন্ত্রণ করার পদক্ষেপের ফলস্বরূপ তৈরি হওয়া বর্জ্যজলকে কাজের এলাকার মধ্যে আবদ্ধ রাখতে হবে এবং তা ফিল্টার করে ফেলে দিতে হবে।

NYC OMB বন্যা প্রবণ এলাকার মধ্যে প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়ন করার বিকল্পগুলি পুনরায় পর্যালোচনা করেছে এবং নির্ধারণ করেছে যে প্রস্তাবিত পদক্ষেপের জন্য এর কাছে কোনো বাস্তবসম্মত বিকল্প নেই। এক্সিকিউটিভ অর্ডার 11988 এবং 24 CFR 55 মেনে চলা লিপিবদ্ধ করা পরিবেশগত ফাইলগুলিকে এনভায়রনমেন্টাল রিভিউ রেকর্ড (Environmental Review Record) (ERR)-এ অন্তর্ভুক্ত করা আছে এবং নিম্নোক্তভাবে বিবৃত অনুসারে জন নিরীক্ষণ, পর্যালোচনা ও কপি করার জন উপলভ্য আছে।

এই নোটিশের তিনটি প্রধান উদ্দেশ্য রয়েছে। প্রথমত, একটি বন্যা প্রবণ এলাকার কার্যক্রমের দ্বারা যারা প্রভাবিত হতে পারেন এবং প্রাকৃতিক পরিবেশ সুরক্ষায় আগ্রহী, তাদের উদ্বেগ প্রকাশ করার ও এই এলাকাগুলো সম্পর্কে তথ্য প্রদানের সুযোগ দেওয়া উচিত। দ্বিতীয়ত, একটি যথাযথ গণবিজ্ঞপ্তি কর্মসূচি একটি গুরুত্বপূর্ণ গণশিক্ষামূলক মাধ্যম হতে পারে। তথ্যের প্রচার এবং জন মন্তব্যের অনুরোধ এই বিশেষ অঞ্চলগুলির দখল ও পরিবর্তনের সাথে জড়িত ঝুঁকি হ্রাস করার জন্য ফেডারেল প্রচেষ্টাকে সহজতর ও জোরদার করতে পারে। তৃতীয়ত, ন্যায্যতার স্বার্থে, ফেডারেল সরকার যখন বন্যাপ্রবণ এলাকায় পরিচালিত কোনও কার্যক্রমে অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়, তখন যারা অধিকতর বা অব্যাহত ঝুঁকির সম্মুখীন হতে পারে, তাদের অবশ্যই অবহিত করতে হবে।

## কোনও উল্লেখযোগ্য প্রভাব পাওয়া যায়নি

NYC OMB হল এই প্রজেক্টের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা এবং তারা এটি নির্ধারণ করেছে যে এই প্রজেক্টটি মানব পরিবেশের উপর কোনও উল্লেখযোগ্য প্রভাব ফেলবে না। অতএব, NEPA-এর অধীনে পরিবেশগত প্রভাবের বিবৃতির কোনও প্রয়োজন নেই। প্রজেক্টের অতিরিক্ত তথ্য ERR-এ অন্তর্ভুক্ত রয়েছে। পর্যালোচনা করার জন্য ERR এখানে পাওয়া যাবে https://www.nyc.gov/site/cdbgdr/index.page

অনুরোধ সাপেক্ষে, পর্যালোচনা করার জন্য ERR জনসাধারণের কাছেও ইলেকট্রনিকভাবে অথবা মার্কিন ডাকযোগে অথবা কোনও ব্যক্তির মাধ্যমে পাঠানো হবে। অনুগ্রহ করে আপনার অনুরোধটি NYC OMB এর কাছে ডাকযোগে অথবা 255 Greenwich Street, 8th Floor, New York, NY 10007 ঠিকানায় সশরীরে উপস্থিত হয়ে, প্রাপক: জুলিয়েট জ্যাকব (Juliet Jacobs), এনভায়রনমেন্টাল উইনিট হেড-এর কাছে জমা দিন অথবা CDBGComments@omb.nyc.gov ঠিকানায় ইমেইল পাঠান। NYC OMB এর অফিস সপ্তাহের কর্মদিবসগুলোতে 9:30 AM থেকে 5:30 PM পর্যন্ত খোলা থাকে।

## জনসাধারণের মন্তব্য

যে কোনও ব্যক্তি, গ্রুপ বা এজেন্সি উপরে তালিকাভুক্ত ঠিকানাগুলিতে ডাকযোগে, সশরীরে উপস্থিত হয়ে অথবা উপরে উল্লিখিত ঠিকানায় ইমেইলের মাধ্যমে NYC OMB এর কাছে ERR এর বিষয়ে মন্তব্য জমা দিতে পারবে। (212) 788-1653 নম্বরে ফোন করেও মতামত জানানো যেতে পারে। 2026 সালের 25 সেপ্টেম্বর, মধ্যে প্রাপ্ত সকল মন্তব্য ফান্ড রিলিজ করার অনুরোধ জমা দেওয়ার অনুমোদন দেওয়ার পূর্বে NYC OMB কর্তৃক বিবেচনা করা হবে। এই নোটিশের কোন অংশটির জন্য মন্তব্য করা হচ্ছে তা মন্তব্যে সুস্পষ্টভাবে উল্লেখ করা উচিত।

## পরিবেশগত সার্টিফিকেশন

NYC OMB, HUD-কে প্রত্যয়ন করছে যে, পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া সম্পর্কিত দায়িত্ব পালনের জন্য কোনও মামলা দায়ের করা হলে এবং উক্ত দায়িত্বগুলো পূরণ করা হয়ে থাকলে, সিটি এবং প্রত্যয়নকারী কর্মকর্তা হিসেবে জুলি ফ্রিম্যান (Julie Freeman) ফেডারেল আদালতের এখতিয়ার গ্রহণ করতে সম্মতি প্রদান করেছেন। HUD কর্তৃক এই সার্টিফিকেশনের অনুমোদন, NEPA এবং সংশ্লিষ্ট আইন ও কর্তৃপক্ষের অধীনে এর দায়িত্ব পালনে সহায়তা করে এবং এই নিউ ইয়র্ক সিটিকে CDBG ফান্ড ব্যবহার করার অনুমতি দেয়।

## ফান্ড রিলিজ করার ক্ষেত্রে আপত্তিসমুহ

HUD তার ফান্ড রিলিজ এবং NYC OMB এর সার্টিফিকেশনের নিয়ে আপত্তিগুলি প্রত্যাশিত জমা দেওয়ার তারিখ থেকে পনের (15) দিন পর্যন্ত অথবা প্রকৃত অনুরোধ প্রাপ্তির সময় পর্যন্ত (এর মধ্যে যেটি পরে হবে) গ্রহণ করবে, শুধুমাত্র যদি সেগুলি নিম্নলিখিত ভিত্তিগুলির মধ্যে একটির উপর নির্ভর করে: (a) NYC OMB এর সার্টিফাইং অফিসার কর্তৃক সার্টিফিকেশনটি কার্যকর করা হয়নি; (b) NYC OMB একটি ধাপ বাদ দিয়েছে অথবা সিদ্ধান্ত নিতে ব্যর্থ হয়েছে বা 24 CFR পার্ট 58-এ HUD প্রবিধান অনুসারে প্রয়োজনীয় অনুসন্ধান করতে ব্যর্থ হয়েছে; (c) অনুদান গ্রহীতা বা উন্নয়ন প্রক্রিয়ার অন্যান্য অংশগ্রহণকারীরা HUD কর্তৃক ফান্ড রিলিজের অনুমোদনের আগে 24 CFR পার্ট 58 দ্বারা অনুমোদিত নয় এমন কোনও ফান্ড প্রদান করেছেন বা খরচ করেছেন; অথবা (d) 40 CFR পার্ট 1504 অনুসারে কাজ করা অন্য কোনও ফেডারেল সংস্থা লিখিত অনুসন্ধান জমা দিয়েছে যে প্রজেক্টটি পরিবেশগত মানের দৃষ্টিকোণ থেকে অসন্তোষজনক। আপত্তিগুলি প্রয়োজনীয় পদ্ধতি (24 CFR পার্ট 58, ধারা 58.76) অনুসারে প্রস্তুত এবং জমা দিতে হবে এবং CPDRROFNYC@hud.gov ঠিকানায় পাঠাতে হবে। সম্ভাব্য আপত্তিকারীদের আপত্তি জানানোর সময়ের প্রকৃত শেষ দিনটি সম্পর্কে জানার জন্য HUD-এর সাথে যোগাযোগ করা উচিত।

নিউইয়র্ক সিটি (City of New York) জোহরান কোয়ামে মামদানি (Zohran Kwame Mamdani), মেয়র
শেরিফ সোলিমান (Sherif Soliman), ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেটের পরিচালক

তারিখ: 8 সেপ্টেম্বর, 2026